শেখ হাসিনার উদ্যোগ

# খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
## ঠিকরাবন্দ, খুলনা


দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com


স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০১১.১৯. ৫৪২

তারিখঃ- ০৯ শ্রাবণ ১৪২৬ বঙ্গাঃ
২৪ জুলাই ২০১৯ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | বেতন | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও পদ সংশ্লিষ্ট শর্তাবলী |
|---|---|---|---|
| ০১ | পরিচ্ছন্নতা কর্মী (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী মূলবেতন ১৪,৭০০/- সহ অন্যান্য ভাতাদি | প্রার্থীকে বাংলা লেখা ও পড়ায় সক্ষম হতে হবে। ঝাড়ু দেয়া কাজ, পরিস্কার পরিচ্ছন্ন এবং জানালা-দরজা পরিস্কার পরিচ্ছন্ন কাজে পারদর্শী হতে হবে। নম্র, বিনয়ী, বিশ্বস্ত, ব্যক্তিত্ব সম্পন্ন ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

## শর্তাবলীঃ

১॥ নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (যদি থাকে) উল্লেখ পূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্র ও কাগজপত্রসহ আগামী ০৭/০৮/২০১৯ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকায় খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর ঠিকরাবন্দ, খুলনায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে।

২॥ নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ১৪,৭০০/- (চৌদ্দ হাজার সাতশত) টাকা মূল বেতনসহ নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক চুক্তি ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে। তার অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সহ বার্ষিক কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭ ও ৩০০-২৪) শর্ত সাপেক্ষে ০১টি কর্ম দিবস বিরতি দিয়ে চুক্তিভিত্তিক কর্মকাল বছরে বছরে নবায়ন করা যেতে পারে।

৩॥ প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে সিনিয়র জেনারেল ম্যানেজার খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে এবং ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত), অভিজ্ঞতা সনদ (যদি থাকে), জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি ও ইউনিয়ন/ উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪॥ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি/নাতনীদের ক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্রের সাথে প্রমান স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৫॥ হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। সে ক্ষেত্রে হরিজন সম্প্রদায়ের প্রমানক (ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন এর মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র)আবেদনের সহিত দাখিল করতে হবে।

০৬॥ অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কিংবা তাদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৭॥ কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

০৮॥ জেলা কোটার প্রাপ্যতার ভিত্তিতে শুধুমাত্র ঢাকা, গাজীপুর,মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ, নেত্রকোনা, ময়মনসিংহ, টাংগাইল, চট্রগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, বগুড়া, জয়পুরহাট, দিনাজপুর, পঞ্চগড়, সিরাজগঞ্জ, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী,কুষ্টিয়া,ভোলা,সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন । এছাড়া উল্লেখিত জেলা ব্যতীত অন্যান্য জেলার প্রার্থীগনের আবেদন করার প্রয়োজন নাই।

০৯॥ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহুর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না ।

১০॥ পরীক্ষায় অংশ গ্রহনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা (যদি থাকে) ও প্রযোজ্য অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১॥ অসম্পূর্ন এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গন্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(শহীদুজ্জামান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**- (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো,ঢাকা ।
০২॥ পরিচালক,পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
০৩॥ তত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি এর দপ্তর), বাপবিবো, ঢাকা।
০৪॥ জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
০৫॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার....................................পবিস-১/২/৩।
০৬॥ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা ।
০৭॥ ডিজিএস-(সদর-কারিগরী)/পাইকগাছা/ডুমুরিয়া/সেনেরবাজার, খুলনা পবিস ।
০৮॥ এজিএম (অর্থ), খুলনা পবিস ।
০৯॥ জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি-১), খুলনা পবিস (অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
১০॥ নোটিশ বোর্ড, খুলনা পবিস ।
১১॥ অফিস/মাস্টার কপি ।

সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস ।